# জাতীয় বিশ্ববিদ্যালয়

গাজীপুর-১৭০৪

সূত্র নং-০১(৮৯৪)জাতীঃবিঃ/প্রশাঃ/২০১০/১/৬১২ তারিখঃ ১১ আগস্ট, ২০১২

## নিয়োগ বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের জন্য নিম্নবর্ণিত স্থায়ী শূন্য পদের বিপরীতে অস্থায়ী ভিত্তিতে নিয়োগের লক্ষ্যে জন্মসূত্রে বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে দরখাস্ত আহবান করা যাইতেছেঃ

| ক্রমিক নং | পদের নাম, বেতন স্কেল (২০০৯), পদের সংখ্যা এবং বয়স | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|
| ১ | সিনিয়র প্রোগ্রামার<br>২২২৫০-৩১২৫০<br>পদের সংখ্যাঃ ০৪<br>বয়সঃ ৩৫-৪৫ | মাস্টার্স ডিগ্রি- কম্পিউটার বিজ্ঞান/পদার্থ বিজ্ঞান/ফলিত ও তড়িৎ পদার্থ বিজ্ঞান/গণিত/ব্যবসায় প্রশাসন অথবা বিএসসি ইঞ্জিনিয়ারিং অথবা সমমান। প্রোগ্রামার/সহকারী সিস্টেম এনালিস্ট হিসাবে যে কোন প্রতিষ্ঠানে ন্যূনপক্ষে ৪ বৎসরের অভিজ্ঞতা (কম্পিউটার সায়েন্সে স্নাতকোত্তর ডিগ্রি অথবা কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং-এ স্নাতক ডিগ্রিধারীদের ক্ষেত্রে ২ বৎসরের অভিজ্ঞতা)। ইনফরমেশন টেকনোলজি সম্পর্কে ভাল জ্ঞান থাকিতে হইবে।<br>শিক্ষা জীবনের কোন স্তরেই তৃতীয় শ্রেণী/বিভাগ গ্রহণযোগ্য নহে।<br>উচ্চতর ডিগ্রি/প্রশিক্ষণ/যোগ্যতাসম্পন্ন প্রার্থীরা অগ্রাধিকার পাইবেন। |
| ২ | ওয়েব মাস্টার<br>১৮৫০০-২৯৭০০<br>পদের সংখ্যাঃ ০১<br>বয়সঃ ৩৫-৪৫ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে মাস্টার্স ডিগ্রি-কম্পিউটার বিজ্ঞান/পদার্থ বিজ্ঞান/ফলিত ও তড়িৎ পদার্থ বিজ্ঞান/গণিত/ব্যবসায় প্রশাসন অথবা বিএসসি ইঞ্জিনিয়ারিং। সহকারী প্রোগ্রামার হিসাবে যেকোন প্রতিষ্ঠানে ন্যূনপক্ষে ৩ বৎসরের অভিজ্ঞতা (কম্পিউটার সায়েন্স/ইঞ্জিনিয়ারিং-এ স্নাতকোত্তর ডিগ্রিধারীদের ক্ষেত্রে ২ বৎসরের অভিজ্ঞতা)। ইনফরমেশন টেকনোলজি সম্পর্কে ভাল জ্ঞান থাকিতে হইবে।<br>শিক্ষা জীবনের কোন স্তরেই তৃতীয় শ্রেণী/বিভাগ গ্রহণযোগ্য নহে।<br>উচ্চতর ডিগ্রি/প্রশিক্ষণ/যোগ্যতাসম্পন্ন প্রার্থীরা অগ্রাধিকার পাইবেন। |
| ৩ | প্রোগ্রামার<br>১৮৫০০-২৯৭০০<br>পদের সংখ্যাঃ ০৩<br>বয়সঃ ৩৫-৪৫ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে মাস্টার্স ডিগ্রি-কম্পিউটার বিজ্ঞান/পদার্থ বিজ্ঞান/ফলিত ও তড়িৎ পদার্থ বিজ্ঞান/গণিত/ব্যবসায় প্রশাসন অথবা বিএসসি ইঞ্জিনিয়ারিং। সহকারী প্রোগ্রামার হিসাবে যে কোন প্রতিষ্ঠানে ন্যূনপক্ষে ৩ বৎসরের অভিজ্ঞতা (কম্পিউটার সায়েন্স/ইঞ্জিনিয়ারিং-এ স্নাতকোত্তর ডিগ্রিধারীদের ক্ষেত্রে ২ বৎসরের অভিজ্ঞতা)। ইনফরমেশন টেকনোলজি সম্পর্কে ভাল জ্ঞান থাকিতে হইবে।<br>শিক্ষা জীবনের কোন স্তরেই তৃতীয় শ্রেণী/বিভাগ গ্রহণযোগ্য নহে।<br>উচ্চতর ডিগ্রি/প্রশিক্ষণ/যোগ্যতাসম্পন্ন প্রার্থীরা অগ্রাধিকার পাইবেন। |
| ৪ | সহকারী রেজিস্ট্রার (আইন)<br>১৫০০০-২৬২০০<br>পদের সংখ্যাঃ ০১<br>বয়সঃ ৩৫-৪৫ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে আইন বিষয়ে ২য় শ্রেণীর অনার্সসহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রি/যে কোন বিষয়ে ২য় শ্রেণীর অনার্সসহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রি এবং সেই সাথে এলএলবি ডিগ্রি। সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে আইন সংক্রান্ত কাজে ৫ বৎসরের অভিজ্ঞতা অথবা বাংলাদেশ সুপ্রীম কোর্টে মামলা পরিচালনার কাজে ৫ বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ৫ | ল'অফিসার<br>১২০০০-২১৬০০<br>পদের সংখ্যাঃ ০২<br>বয়সঃ ২১-৩০ | আইন বিষয়ে অনার্সসহ স্নাতকোত্তর ডিগ্রি/যে কোন বিষয়ে অনার্সসহ স্নাতকোত্তর ডিগ্রি এবং সেই সাথে এলএলবি ডিগ্রি। সরকারি/স্বায়ত্তশাসিত/প্রতিষ্ঠিত কোন কোম্পানী/প্রতিষ্ঠানে আইন সংক্রান্ত কাজে অভিজ্ঞদের অগ্রাধিকার। কোন পর্যায়ে ৩য় বিভাগ/শ্রেণী থাকিবে না। ২ বৎসরের বাস্তব অভিজ্ঞতা ও বার কাউন্সিলের সনদপ্রাপ্ত হইতে হইবে।<br>উচ্চতর ডিগ্রি/প্রশিক্ষণ/যোগ্যতাসম্পন্ন প্রার্থীরা অগ্রাধিকার পাইবেন। |
| ৬ | সহকারী প্রোগ্রামার<br>১১০০০-২০৩৭০<br>পদের সংখ্যাঃ ১০<br>বয়সঃ ২১-৩০ | মাস্টার্স ডিগ্রি-কম্পিউটার বিজ্ঞান/পদার্থবিজ্ঞান/ফলিত পদার্থবিজ্ঞান/গণিত/পরিসংখ্যান/ব্যবসা প্রশাসন/বি.এসসি ইঞ্জিনিয়ারিং/সমমান।<br>শিক্ষা জীবনের কোন স্তরেই তৃতীয় শ্রেণী/বিভাগ গ্রহণযোগ্য নহে।<br>উচ্চতর ডিগ্রি/প্রশিক্ষণ/যোগ্যতা সম্পন্ন প্রার্থীরা অগ্রাধিকার পাইবেন। |
| ৭ | সাব-টেকনিক্যাল অফিসার<br>৮০০০-১৬৫৪০<br>পদের সংখ্যাঃ ৩০<br>বয়সঃ ২১-৩০ | স্নাতক ডিগ্রিসহ স্বীকৃত প্রতিষ্ঠান হতে ডিপ্লোমা ইন কম্পিউটার সায়েন্সসহ ইন্টারনেট সার্ভিস/হার্ডওয়্যার সংরক্ষণ-এ বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>শিক্ষা জীবনের কোন স্তরেই তৃতীয় শ্রেণী/বিভাগ গ্রহণযোগ্য নহে। |
| ৮ | ড্রাইভার<br>৪৭০০-৯৭৪৫<br>পদের সংখ্যাঃ ১৮<br>বয়সঃ ১৮-৩০ | ৮ম শ্রেণী পাস এবং বিআরটিএ হইতে গাড়ি চালনার লাইসেন্স থাকিতে হইবে। |
| ৯ | লিফট্‌ম্যান<br>৪৪০০-৮৫৮০<br>পদের সংখ্যাঃ ০৬<br>বয়সঃ ১৮-৩০ | ৮ম শ্রেণী পাস। লিফট্ চালনায় অভিজ্ঞতাসহ রক্ষণাবেক্ষণের কাজে ৩ বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে। |

**শর্তাবলীঃ**

১. আগ্রহী প্রার্থীদের স্বহস্তে আবেদনপত্র পূরণ করিয়া ডাকযোগে/কুরিয়ার সার্ভিসে ০৫-০৯-২০১২ তারিখ পর্যন্ত অফিস সময়ের মধ্যে রেজিস্ট্রার, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪ ঠিকানায় পৌঁছাইতে হইবে। হাতে হাতে আবেদনপত্র জমা গ্রহণযোগ্য নহে।

২. বর্ণিত পদের জন্য নির্ধারিত আবেদনপত্র অত্র বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.nu.edu.bd এ পাওয়া যাইবে। প্রতিটি পদের জন্য নির্ধারিত ফরম প্রযোজ্য। এই ফরম (১২-০৮-২০১২ তারিখ হইতে) ওয়েবসাইট হইতে ডাউনলোড করিয়া অথবা রেজিস্ট্রার দপ্তর হইতে সংগ্রহ করিয়া আবেদন করা যাইবে।

৩. রেজিস্ট্রার, জাতীয় বিশ্ববিদ্যালয়-এর অনুকূলে সোনালী ব্যাংকের যে কোন শাখা হইতে ক্রমিক নং-১ হইতে ৭ পর্যন্ত প্রার্থীদের ৪০০/- (চারশত) টাকা এবং ক্রমিক নং-৮ হইতে ৯ পর্যন্ত প্রার্থীদের ২০০/- (দুইশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরতযোগ্য) আবেদনের সঙ্গে সংযুক্ত করিতে হইবে। আবেদনপত্র ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বর, ব্যাংকের নাম, টাকার পরিমাণ ও তারিখ উল্লেখ করিতে হইবে।

৪. সদ্য তোলা পাসপোর্ট সাইজের ২(দুই) কপি রঙ্গিন সত্যায়িত ছবি সংযুক্ত করিতে হইবে।

৫. সকল পরীক্ষা পাসের সার্টিফিকেট, মার্কশীট এবং প্রশংসাপত্রের সত্যায়িত অনুলিপি সংযুক্ত করিতে হইবে।

৬. অভিজ্ঞতা সনদপত্রের সত্যায়িত অনুলিপি সংযুক্ত করিতে হইবে।

৭. জাতীয় পরিচয়পত্র (যদি থাকে)/জাতীয়তা সনদপত্রের সত্যায়িত কপি সংযুক্ত করিতে হইবে।

৮. প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র সংযুক্ত করিতে হইবে।

৯. মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা/নাতি-নাতনী হিসেবে চাকুরী প্রার্থীদের ক্ষেত্রে মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ও সচিব কর্তৃক স্বাক্ষরিত অথবা ১৯৯৭ হইতে ২০০১ পর্যন্ত মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক স্বাক্ষরিত মূল সনদের কপি ও অন্যান্য বিশেষ কোটার ক্ষেত্রে নিজ নিজ জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক সত্যায়িত সংশ্লিষ্ট সার্টিফিকেটের কপি আবেদনের সাথে সংযুক্ত করিতে হইবে।

১০. মুক্তিযোদ্ধা কোটাভুক্ত প্রার্থী ও প্রতিবন্ধী ব্যক্তিদের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা হইবে ৩২ (বত্রিশ) বৎসর।

১১. খামের উপরে প্রার্থীর পদের নাম উল্লেখ করিতে হইবে।

১২. ০৮ (আট) সেট আবেদনপত্র (প্রযোজ্য সকল কাগজপত্রসহ) দাখিল করিতে হইবে।

১৩. চাকুরীরত প্রার্থীদেরকে তাদের স্ব-স্ব নিয়োগকারী কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়সীমার মধ্যে আবেদন করিতে হইবে।

১৪. লিখিত পরীক্ষা/ব্যবহারিক পরীক্ষা/সাক্ষাৎকারের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হইবে না।

১৫. আবেদনপত্র এবং অন্যান্য কাগজপত্র ফেরত দেওয়া হইবে না।

১৬. নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে। আবেদনপত্রের উপর কোন ধরণের সুপারিশ অযোগ্যতা হিসাবে গণ্য হইবে।

১৭. অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ, ভুল তথ্য সম্বলিত অথবা বিলম্বে প্রাপ্ত আবেদনসমূহ বাতিল বলিয়া গণ্য হইবে। আবেদন গ্রহণ অথবা বাতিল করার ক্ষেত্রে কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

১৮. লিখিত পরীক্ষা, ব্যবহারিক পরীক্ষা এবং সাক্ষাৎকারের তারিখ ডাকযোগে পত্র মারফত এবং বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটের মাধ্যমে জানানো হইবে।

১৯. বিজ্ঞাপিত সকল পদে নিয়োগের ক্ষেত্রে সরকারি বিধি অনুসারে সকল প্রকারের কোটা অনুসরণ করা হইবে।

২০. ল'অফিসার পদে পূর্বে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির মাধ্যমে যাহারা আবেদন করিয়াছেন তাহাদের নতুন করিয়া আবেদন করিবার প্রয়োজন নাই।

২১. রিট পিটিশন নং- ৫১২৫/২০০৪ এ মহামান্য হাইকোর্ট বিভাগের ২০-০২-২০১২ তারিখের ঘোষিত রায় ও নির্দেশনার আলোকে যাহাদের জাতীয় বিশ্ববিদ্যালয়ের চাকুরীর অবসান হইয়াছে তাহাদের ক্ষেত্রে বিজ্ঞাপিত পদের জন্য নির্ধারিত বয়সসীমার সর্বোচ্চ সীমা শিথিল করা হইবে। তবে বিজ্ঞাপিত পদে বিধি অনুযায়ী প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতাসহ অন্যান্য যোগ্যতা ও শর্তাবলী তাহাদের ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

ভাইস-চ্যান্সেলর-এর আদেশক্রমে

**ফাহিমা সুলতানা**
রেজিস্ট্রার (চলতি দায়িত্ব)
জাতীয় বিশ্ববিদ্যালয়

জিডি-৩১৫৫

---

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কৃষিই সমৃদ্ধি

বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট
মানিক মিয়া এভিনিউ, ঢাকা-১২০৭

স্মারক নং-বিজেআরআই/প্র/বিবিধ-১২৬৫(৫)/২০১১/৪৩৪ তারিখ: ৮/৮/২০১২

## নিয়োগ/পুনঃ নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউটের রাজস্ব/রাজস্ব খাতে অস্থায়ীভাবে সৃজিত নিম্নোক্ত শূন্য পদসমূহে অস্থায়ী ভিত্তিতে নিয়োগের জন্য আগ্রহী ও প্রয়োজনীয় যোগ্যতাসম্পন্ন বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ-

| নং | পদের নাম | পদসংখ্যা | বেতন স্কেল | বয়স | প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|---|
| ১। | মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা (সিএসও), পেস্ট ম্যানেজমেন্ট বিভাগ | ১টি | ২৯০০০-৩৫৬০০/- | সর্বনিম্ন ৪২ বছর | সংশ্লিষ্ট বিষয়ে পিএইচডিসহ ১২ বৎসরের অভিজ্ঞতা অথবা বিএসসি (কৃষি)/এমএস/এমএসসিসহ সংশ্লিষ্ট কাজে ১৫ বৎসরের অভিজ্ঞতা। ১০টি প্রকাশিত মৌলিক গবেষণা প্রবন্ধ থাকা বাঞ্ছনীয়। উচ্চতর শিক্ষাগত যোগ্যতার ক্ষেত্রে অভিজ্ঞতা শিথিলযোগ্য। |
| ২। | প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (পিএসও)<br>মার্কেটিং ডিপার্টমেন্ট | ১টি | ২৫৭৫০-৩৩৭৫০/- | সর্বনিম্ন ৩৯ বছর | ক) ০৪ (চার) বৎসর মেয়াদী বিএসসি ইন টেক্সটাইল টেকনোলজী ডিগ্রিসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ১২ (বার) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা; অথবা<br>খ) মার্কেটিং/বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন/অর্থনীতি বিষয়ে অন্যূন ২য় শ্রেণীর স্নাতক (সম্মান) সহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রিসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ১২ (বার) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা; অথবা<br>গ) ১ম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রিসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ১২ (বার) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা; অথবা<br>ঘ) সকল পরীক্ষায় অন্যূন ২য় বিভাগ/শ্রেণী থাকিতে হইবে; এবং<br>ঙ) স্বীকৃত দেশীয় বা বিদেশী বৈজ্ঞানিক জার্নালে সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন ০৮ (আট)টি পূর্ণমানের গবেষণা প্রবন্ধ থাকিতে হইবে। |
| ৩। | উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (এসএসও),<br>কেমিক্যাল প্রসেসিং সেকশন | ১টি | ১৮৫০০-২৯৭০০/- | সর্বনিম্ন ৩৫ বছর | ক) ০৪ (চার) বৎসর মেয়াদী বিএসসি ইন টেক্সটাইল টেকনোলজী ডিগ্রিসহ ১ম শ্রেণীর পদে অন্যূন ০৫ (পাঁচ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা; অথবা<br>খ) রসায়ন/ফলিত রসায়ন/পদার্থ বিজ্ঞান বিষয়ে অন্যূন ২য় শ্রেণীর স্নাতক (সম্মান) সহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রিসহ ১ম শ্রেণীর পদে অন্যূন ০৫ (পাঁচ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা; অথবা<br>গ) ১ম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রিসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ১ম শ্রেণীর পদে অন্যূন ০৫ (পাঁচ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা; অথবা<br>ঘ) সংশ্লিষ্ট বিষয়ে পিএইচডি ডিগ্রিসহ অন্যূন ০২ (দুই) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা;<br>ঙ) সকল পরীক্ষায় অন্যূন ২য় বিভাগ/শ্রেণী থাকিতে হইবে; এবং<br>চ) স্বীকৃত দেশীয় বা বিদেশী বৈজ্ঞানিক জার্নালে সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন ০৩ (তিন)টি পূর্ণমানের গবেষণা প্রবন্ধ থাকিতে হইবে। |
| ৪। | উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (এসএসও), নন-ট্রেডিশনাল নিউ প্রোডাক্টস ডিজাইন এন্ড মেনুফেকচারিং সেকশন | ১টি | ১৮৫০০-২৯৭০০/- | সর্বনিম্ন ৩৫ বছর | ক) ০৪ (চার) বৎসর মেয়াদী বিএসসি ইন টেক্সটাইল টেকনোলজী ডিগ্রিসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ১ম শ্রেণীর পদে অন্যূন ০৫ (পাঁচ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা; অথবা<br>খ) রসায়ন/ফলিত রসায়ন/পদার্থ বিজ্ঞান বিষয়ে অন্যূন ২য় শ্রেণীর স্নাতক (সম্মান) সহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রিসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ১ম শ্রেণীর পদে অন্যূন ০৫ (পাঁচ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা; অথবা<br>গ) ১ম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রিসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ১ম শ্রেণীর পদে অন্যূন ০৫ (পাঁচ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা; অথবা<br>ঘ) সংশ্লিষ্ট বিষয়ে পিএইচডি ডিগ্রিসহ অন্যূন ০২ (দুই) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা;<br>ঙ) সকল পরীক্ষায় অন্যূন ২য় বিভাগ/শ্রেণী থাকিতে হইবে; এবং<br>চ) স্বীকৃত দেশীয় বা বিদেশী বৈজ্ঞানিক জার্নালে সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন ০৩ (তিন)টি পূর্ণমানের গবেষণা প্রবন্ধ থাকিতে হইবে। |
| ৫। | উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (এসএসও), মার্কেটিং প্রমোশন এন্ড টেকনোলজী ট্রান্সফার সেকশন | ১টি | ১৮৫০০-২৯৭০০/- | সর্বনিম্ন ৩৫ বছর | ক) ০৪ (চার) বৎসর মেয়াদী বিএসসি ইন টেক্সটাইল টেকনোলজী ডিগ্রিসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ১ম শ্রেণীর পদে অন্যূন ০৫ (পাঁচ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা; অথবা<br>খ) মার্কেটিং/বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন/অর্থনীতি বিষয়ে অন্যূন ২য় শ্রেণীর স্নাতক (সম্মান) সহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রিসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ১ম শ্রেণীর পদে অন্যূন ০৫ (পাঁচ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা; অথবা<br>গ) ১ম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রিসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ১ম শ্রেণীর পদে অন্যূন ০৫ (পাঁচ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা; অথবা<br>ঘ) সংশ্লিষ্ট বিষয়ে পিএইচডি ডিগ্রিসহ অন্যূন ০২ (দুই) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা;<br>ঙ) সকল পরীক্ষায় অন্যূন ২য় বিভাগ/শ্রেণী থাকিতে হইবে; এবং<br>চ) সংশ্লিষ্ট বিষয়ে ০৩ (তিন)টি গবেষণা প্রকাশনা থাকিতে হইবে। |
| ৬। | বৈজ্ঞানিক কর্মকর্তা (এসও), মেশিন ডিজাইন এন্ড ডেভেলপমেন্ট সেকশন | ১টি | ১১০০০-২০৩৭০/- | সর্বোচ্চ ৩০ বছর | ক) ০৪ (চার) বৎসর মেয়াদী বিএসসি ইঞ্জিনিয়ারিং (মেকানিক্যাল) ডিগ্রি; এবং<br>খ) সকল পরীক্ষায় অন্যূন ২য় বিভাগ/শ্রেণী থাকিতে হইবে। |
| ৭। | সহকারী পরিচালক (প্রশাসন ও অর্থ) | ১টি | ১১০০০-২০৩৭০/- | সর্বোচ্চ ৩০ বছর | ক) বিজনেস এ্যাডমিনিষ্ট্রেশন/ম্যানেজমেন্ট/হিসাব বিজ্ঞান/অর্থনীতি বিষয়ে অন্যূন ২য় শ্রেণীর স্নাতক (সম্মান) সহ ২য় শ্রেণীতে স্নাতকোত্তর ডিগ্রি;<br>খ) ১ম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রি;<br>গ) সকল পরীক্ষায় ন্যূনতম ২য় শ্রেণী/বিভাগ থাকিতে হইবে; এবং<br>ঘ) বিভাগীয় প্রার্থীদের বেলায় শিক্ষাগত যোগ্যতা ও বয়স শিথিলযোগ্য। |
| ৮। | এডিটর কাম পাবলিকেশন অফিসার | ১টি | ১১০০০-২০৩৭০/- | সর্বোচ্চ ৩০ বছর | সাংবাদিকতায় এম,এ/বি,এসসি (কৃষি)/বিএসসি (টেক)/এম,এসসি/ নিবন্ধ রচনা/এডিটিং এর কাজে যোগ্যতাসম্পন্ন প্রার্থী অগ্রাধিকারযোগ্য। |
| ৯। | সহকারী লাইব্রেরিয়ান | ১টি | ৬৪০০-১৪২৫৫/- | সর্বোচ্চ ৩০ বছর | লাইব্রেরী সায়েন্সে ডিপ্লোমা। |
| ১০। | উচ্চমান সহকারী | ১টি | ৫৫০০-১২০৯৫/- | সর্বোচ্চ ৩০ বছর | গ্রাজুয়েট। |
| ১১। | সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর | ১টি | ৫২০০-১১২৩৫/- | সর্বোচ্চ ৩০ বছর | সাঁটলিপিতে ইংরেজি ও বাংলায় যথাক্রমে ৬০ ও ৪০ শব্দের গতিসম্পন্ন এবং মুদ্রাক্ষরিক ইংরেজি ও বাংলায় যথাক্রমে ৩০ ও ২৫ শব্দের গতিসহ এইচএসসি পাস। |
| ১২। | স্পীনার | ১টি | ৪৭০০-৯৭৪৫/- | সর্বোচ্চ ৩০ বছর | সরকার অনুমোদিত ইনস্টিটিউট হতে ট্রেড সার্টিফিকেট। বাস্তব অভিজ্ঞতাসহ প্রার্থী অগ্রাধিকারযোগ্য। |

**শর্তাবলীঃ**

১। আবেদনপত্রে প্রার্থীর নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা, টেলিফোন নম্বর/মোবাইল নম্বর, জন্ম তারিখ, বয়স (২০-৯-২০১২ তারিখে), জাতীয়তা, ধর্ম, অভিজ্ঞতা উল্লেখপূর্বক শিক্ষাগত যোগ্যতার বিবরণ প্রদান করতে হবে।

২। আবেদনপত্রের সঙ্গে প্রার্থীর সদ্য তোলা ২ কপি পাসপোর্ট সাইজের ছবি ও সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার মূল/সাময়িক সনদপত্রের সত্যায়িত কপি, ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের মেয়র/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক নাগরিকত্বের সনদপত্র, ১ম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক চারিত্রিক সনদপত্র সংযুক্ত করতে হবে।

৩। মুক্তিযোদ্ধার সন্তানের ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন নং-মুবিম/সনদ-১/প্রঃ-১/২০০২/০২, তারিখঃ ২২-০২-২০০২ এর অনুবৃত্তিক্রমে মন্ত্রণালয় হতে মুক্তিযোদ্ধার সাময়িক সনদপত্র/প্রত্যয়নপত্রের সত্যায়িত কপি।

৪। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানের ক্ষেত্রে মুক্তিযোদ্ধার পিতা/মাতার মুক্তিযোদ্ধা সার্টিফিকেট (সরকারি নির্দেশ অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত) এর সত্যায়িত কপি।

৫। প্রার্থী মহিলা মুক্তিযোদ্ধার সন্তান হওয়ার ক্ষেত্রে প্রার্থী যে মহিলা মুক্তিযোদ্ধার সন্তান এ মর্মে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সার্টিফিকেটের কপি এবং প্রার্থীর পিতা/মাতার মুক্তিযোদ্ধা সার্টিফিকেট (সরকারি নির্দেশ অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত) এর সত্যায়িত কপি।

৬। প্রাপ্ত সকল আবেদনপত্র পরীক্ষা এবং বাছাই এর পর কেবলমাত্র উপযুক্ত প্রার্থীদেরকে লিখিত এবং মৌখিক পরীক্ষার জন্য ডাকা হবে। তবে এ ব্যাপারে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

৭। চাকরিরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদনপত্র পৌঁছাতে হবে। এক্ষেত্রে আবেদনপত্রের কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।

৮। আবেদনকারীকে সোনালী ব্যাংকের যে কোন শাখা হতে মহাপরিচালক, বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট এর অনুকূলে (ক্রমিক নং-১ হতে ২ পর্যন্ত পদের জন্য) ৫০০/- (পাঁচশত) এবং (ক্রমিক নং-৩ হতে ৮ পর্যন্ত পদের জন্য) ৪০০/- (চারশত) টাকা মূল্যমানের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরতযোগ্য) আবেদনপত্রের সঙ্গে দাখিল করতে হবে।

৯। ক্রমিক নং ৯ থেকে ১২ পর্যন্ত পদের জন্য আবেদনকারীদের ১-৪৩০৫-৩২৫১-২০৩১ কোড নম্বরে ট্রেজারী চালানের মাধ্যমে ১০০/- (একশত) টাকা জমার মূল রশিদ আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।

১০। ক্রমিক নং ১ হতে ৫ এর প্রার্থীদের NARS নীতিমালা/মানদন্ড অনুযায়ী মূল্যায়ন করা হবে। সে মোতাবেক সংস্থাপন শাখা হতে নির্দিষ্ট মূল্যায়ন ছক সংগ্রহপূর্বক ৪ (চার) প্রস্থ (সংযোজনীসহ) আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।

১১। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

১২। আবেদনপত্রের খামের উপর পদের নাম ও জেলা স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

১৩। আবেদনপত্র মহাপরিচালক, বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট, মানিক মিয়া এভিনিউ, ঢাকা-১২০৭ বরাবর আগামী ২০-৯-২০১২ তারিখ বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে অফিস চলাকালীন সময়ে পৌঁছাতে হবে। নির্ধারিত তারিখ ও সময়ের পর (ডাকযোগে বা সরাসরি) কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

১৪। সমাপ্ত উন্নয়ন প্রকল্প হতে রাজস্ব বাজেটের পদে নিয়োগের ক্ষেত্রে বয়স শিথিলকরণ বিধিমালা ২০০৫ সংক্রান্ত সংস্থাপন মন্ত্রণালয়ের ২০শে জুন ২০০৫ তারিখে এসআরও নং-১৮৩-আইন/২০০৫/সম/বিধি-১/এস-৯/২০০০ সংখ্যক প্রজ্ঞাপন অনুসরণ করা হবে।

১৫। উল্লেখিত পদে নিয়োগের ক্ষেত্রে নিয়োগ সংক্রান্ত সরকারি যাবতীয় বিধি-বিধান/আদেশ এবং আনুষ্ঠানিকতা অনুসরণ করা হবে।

১৬। কৃষি মন্ত্রণালয়ের ছাড়পত্র নং-কৃম/গবে-৩/পাট-১/২০১১/১১৪, তারিখঃ ০৫-৪-২০১১, কৃম/গবে-৩/২০১২/১৮৫, তারিখঃ ২০-৬-২০১২ এবং কৃম/গবে-৩/২০১২/২৪৪, তারিখঃ ০৬-৮-২০১২ এর আলোকে এ বিজ্ঞপ্তি জারি করা হলো।

১৭। অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

১৮। যে কোন কারণ দর্শানো ব্যতিরেকে আবেদনপত্র বাতিল/স্থগিত করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

**মোঃ নজরুল ইসলাম**
পরিচালক (প্রশাসন ও অর্থ)

জিডি-৩১৪৭